

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)

বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.bppa.gov.bd](http://www.bppa.gov.bd)

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৪.২২-১৬৬


তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: আউট অফ স্কুল চিলড্রেন কার্যক্রম (পিইডিপি-৪) ফরিদপুরে লিড এনজিও এসো জাতি গড়ি (এজাগ) ২৫ লক্ষ টাকার ভূয়া স্টেটমেন্ট দাখিল করে লিড হয় যেখানে হাইলাইট ফাউন্ডেশন লিড হওয়ার কথা, তৎকালীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ডিজি মহোদয় সহ কয়েকজন কর্মকর্তা ফরিদপুরসহ বেশকিছু জেলায় কোটি কোটি টাকার দুর্নীতির মাধ্যমে প্রথম হওয়া এনজিওদের লিড না করে দুর্বল এনজিওদের লিড করে যেমন ফরিদপুরে কোন কাজ না করে ভূয়া বিল ভাউচার এর মাধ্যমে এ পর্যন্ত প্রায় ৪০ কোটি টাকা লোপাট করেছে। ফরিদপুরে জানুয়ারি ২০২৪ হইতে পরবর্তী সকল কার্যক্রম হাইলাইট ফাউন্ডেশন এর মাধ্যমে কার্যাদেশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং ৩৮.০০.০০০০.০১১.২৭.০০১.২৪.২১৫; তারিখ: ৩০/০৯/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, একটি সরকারী ক্রয় প্রক্রিয়া প্রধানত দুটি পর্যায়ে বিভক্তঃ (১) দরপত্র/প্রস্তাব পর্যায় (একজন যোগ্য ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শক/ সেবাদাতা নির্বাচনী প্রক্রিয়া) এবং (২) চুক্তি বাস্তবায়ন ও ব্যবস্থাপনা পর্যায়। পাবলিক প্রকিউরমেন্ট আইন এর ধারা ৫৩ বা ৬৩ মোতাবেক যখন কোন সফল দরদাতা/পরামর্শকের সঙ্গে ক্রয়চুক্তি স্বাক্ষর করা হয়, তখন দরপত্র/প্রস্তাব প্রক্রিয়ার পরিসমাপ্তি ঘটে এবং ক্রয় প্রক্রিয়াটি তখন চুক্তি বাস্তবায়ন ও ব্যবস্থাপনা পর্যায়ে উন্নীত হয়। ঐ পর্যায়ে কোন কারণে চুক্তি বাতিল (Terminate) করা হলে পূর্বতন দরপত্র/প্রস্তাব পর্যায়ের অপরাপর দরদাতাগণের/পরামর্শকগণের প্রদত্ত অফার তখন আর বৈধ (Valid) থাকে না বিধায় তাদের কারো সাথে নতুন করে চুক্তি সম্পাদন প্রক্রিয়াকরণ করার বিধিগত সুযোগ থাকে না। চুক্তি বাস্তবায়ন পর্যায়ে কোন ক্রয়চুক্তি বাতিল করা হলে, চুক্তির সাধারণ শর্তাবলিতে বর্ণিত Termination for Convenience এর ক্ষেত্র ব্যতিরেকে, ক্রয়কারী অবশিষ্ট কার্য/পণ্য/সেবা গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় বাজেট সংকুলান সাপেক্ষে এবং ক্রয় বিধিমালার প্রযোজ্য বিধানাবলী প্রতিপালন সাপেক্ষে নতুন করে ক্রয় প্রক্রিয়াকরণ করতে পারে।

০২। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে প্রেরিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত এ মতামত শুধুমাত্র বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

  
২০.১১.২০২৪

(শাহ ইয়ামিন-উল ইসলাম)

পরিচালক (উপসচিব)

ফোনঃ ০২-৪৮১১৯২৯৯

সচিব

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[ দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, উন্নয়ন-৩ শাখা ]

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ**

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) র ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।